

চলে গেলেন স্যার ফজলে হাসান আবেদ

আইন ও সালিশ কেন্দ্র (আসক)র চেয়ারপারসন এর গভীর শোক প্রকাশ

[২১ ডিসেম্বর ২০১৯] আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর প্রতিষ্ঠাতা সদস্য স্যার ফজলে হাসান আবেদ এর মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত।

গত ২০ ডিসেম্বর শুক্রবার রাত ৮টা ২৮ মিনিটে স্যার আবেদ চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেন। মুক্তিযুদ্ধকালে ধ্বংসস্তুপে পরিণত হওয়া সুনামগঞ্জের প্রত্যন্ত অঞ্চল শাল্লা এলাকায় কাজ শুরু করেন স্যার আবেদ। এই কার্যক্রমের ধারাবাহিকতায়ই তিনি বর্তমানে বিশ্বের সর্ববৃহৎ বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাক গড়ে তোলেন। গ্রামাঞ্চলের দরিদ্র মানুষের জীবনমান উন্নয়নে দীর্ঘমেয়াদি নানা কর্মসূচি গ্রহণ করে তাঁর দীর্ঘ অভিযাত্রার সূচনা ঘটে। দরিদ্র মানুষ যাতে তাদের দক্ষতা বৃদ্ধি করে নিজেরাই নিজেদের ভাগ্যনিয়ন্তা হয়ে উঠতে পারে, সেই লক্ষ্যে তিনি তাঁর কর্মসূচি পরিচালনা করেন। ৮৩ বছর বয়সে তাকে প্রতিষ্ঠানটির ইমেরিটাস চেয়ার নির্বাচিত করা হয়। আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর প্রতিষ্ঠাতা সদস্য হওয়ার পাশাপাশি ১৯৯৩ সাল থেকে ১৯৯৪ সাল ও ২০০৭ সাল থেকে ২০০৯ সাল এবং ২০১৭ সাল থেকে ২০১৮ সাল মেয়াদে তিনি আসক-এর চেয়ারপারসন হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি কর্মজীবনের একাধিক উদ্যোগের ফলে দেশ-বিদেশে অসংখ্য পুরস্কার ও স্বীকৃতি পেয়েছেন।

আসক মনে করে তাঁর মৃত্যু এ ক্ষেত্রগুলোতে একটি বড় শূণ্যতা তৈরি করে দেবে। আসক স্যার ফজলে হাসান আবেদ-এর বিদেহী আত্মার প্রতি বিনম্র শ্রদ্ধা ও তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.o. Box: 3252, Tel: +88-02-8100192, 8100195, 8100197, Fax: +88-02 8100187
Email: ask@citechco.net, Website: www.askbd.org